গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তাহিরপুর, সুনামগঞ্জ
tahirpur.sunamganj.gov.bd

২৫ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ

স্মারক নং- ০৫.৪৬.৯০৯২.০০০.০৮.০১৪.২৪.১৮ তারিখ ঃ---------------------

০৯ জানুয়ারি ২০২৫

## হাট-বাজার ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাহিরপুর উপজেলাধীন নিম্নবর্ণিত হাট বাজার সমূহ ১৪৩২ বঙ্গাব্দ মেয়াদে (০১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ পর্যন্ত ০১ বছর মেয়াদে) ইজারা প্রদানের নিমিত্ত ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিদের নিকট হতে নির্ধারিত ফরম ও সীল মোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারা সংক্রান্ত যাবতীয় শর্তাবলী tahirpur.sunamganj.gov.bd ওয়েবসাইট ও অফিস চালাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

### দরপত্র ফরম ক্রয় ও দাখিলের সময়সূচি ঃ

| দরপত্রের পর্যায় নং | দরপত্র ক্রয়ের সর্বশেষ তারিখ (অফিস চলাকালীন সময়) | দরপত্র দাখিলের তারিখ ও সময় (বেলা-১.০০ ঘটিকা) | দরপত্র খোলার তারিখ ও সময় (বিকাল-৩.০০ ঘটিকা) |
|---|---|---|---|
| ১ম | ০২.০২.২০২৫ খ্রি. | ০৩.০২.২০২৫ খ্রি. | ০৩.০২.২০২৫ খ্রি. |
| ২য় | ১৬.০২.২০২৫ খ্রি. | ১৭.০২.২০২৫ খ্রি. | ১৭.০২.২০২৫ খ্রি. |
| ৩য় | ০২.০৩.২০২৫ খ্রি. | ০৩.০৩.২০২৫ খ্রি. | ০৩.০৩.২০২৫ খ্রি. |
| ৪র্থ | ১৯.০৩.২০২৫ খ্রি. | ২০.০৩.২০২৫ খ্রি. | ২০.০৩.২০২৫ খ্রি. |
| ৫ম | ০৬.০৪.২০২৫ খ্রি. | ০৭.০৪.২০২৫ খ্রি. | ০৭.০৪.২০২৫ খ্রি. |
| ৬ষ্ঠ | ২৩.০৪.২০২৫ খ্রি. | ২৪.০৪.২০২৫ খ্রি. | ২৪.০৪.২০২৫ খ্রি. |
| ৭ম | ১২.০৫.২০২৫ খ্রি. | ১৩.০৫.২০২৫ খ্রি. | ১৩.০৫.২০২৫ খ্রি. |
| ৮ম | ০১.০৬.২০২৫ খ্রি. | ০২.০৬.২০২৫ খ্রি. | ০২.০৬.২০২৫ খ্রি. |

### -ঃ ইজারাযোগ্য হাট-বাজারের তালিকা ঃ-

| ক্রমিক নং | হাট বাজারের নাম | অধিভূক্ত ইউনিয়নের নাম | কাঙ্খিত সরকারী মূল্য | দরপত্র মূল্য (অফেরত যোগ্য) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | বালিয়াঘাট বাজার | শ্রীপুর উত্তর | ৬৬,৮৪০/- | ৫০০/- | |
| ২ | লাউড়েরগড় বাজার | বাদাঘাট | ২১,৪৫০/- | ৫০০/- | |
| ৩ | আনোয়ারপুর | বালিজুরী | ৮৮,৪৬৫/- | ৫০০/- | |
| ৪ | জয়শ্রী বাজার | শ্রীপুর দক্ষিণ | ১,৪০,২৭৫/- | ১,০০০/- | |
| ৫ | জয়বাংলা বাজার | শ্রীপুর উত্তর | ৭৫,০৮৫/- | ৫০০/- | |
| ৬ | কলাগাঁও বাজার | -ঐ- | ৭৩,৯২০/- | ৫০০/- | |
| ৭ | বীরেন্দ্রনগর বাজার | -ঐ- | ১৯,২৫৭/- | ৫০০/- | |
| ৮ | বাদাঘাট বাজার | বাদাঘাট | ৩২,৫৪,৩৪০/- | ৭,২০০/- | মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন ৫৮৯৫/২৩ মামলায় স্থিতাবস্থা রয়েছে |
| ৯ | শ্রীপুর বাজার | শ্রীপুর উত্তর | ৭,২৯৫/- | ৫০০/- | |
| ১০ | বিন্নাকুলী বাজার | -ঐ- | -- | ৫০০/- | |
| ১১ | চাঁনপুর বাজার | বড়দল উত্তর | ৪,৩৩০/- | ৫০০/- | |
| ১২ | কাউকান্দি বাজার | বড়দল দক্ষিণ | ২,০৫,০৫৫/- | ১,২০০/- | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৩ | সুলেমানপুর বাজার | শ্রীপুর দক্ষিণ | --- | ৫০০/- | |
| ১৪ | তাহিরপুর বাজার | তাহিরপুর সদর | ২৬,০৯৫/- | ৫০০/- | |
| ১৫ | বালিজুরী বাজার | বালিজুরী | -- | ৫০০/- | |

## ঃ দরপত্র দাখিলের শর্তাবলী ঃ-

১. দরপত্রের সাথে দরপত্রের উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসাবে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জের অনুকূলে দাখিল করতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারাগ্রহীতা নিয়মিত হাট বাজার পরিস্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ভাবে বাজারের ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে।

২. দরপত্র ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তাহিরপুর, সুনামগঞ্জ, উপজেলা ভূমি অফিস, তাহিরপুর, জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের কার্যালয়ের রাজস্ব ও স্থানীয় সরকার শাখা, সোনালী ব্যাংক লি. তাহিরপুর শাখা, অফিসার ইন-চার্জ, তাহিরপুর থানা হতে নির্ধারিত তারিখ ও সময়ে নগদ মূল্যে (অফেরত যোগ্য) ক্রয় করা যাবে।

৩. সীলমোহরযুক্ত দরপত্র নির্ধারিত তারিখ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তাহিরপুর, উপজেলা ভূমি অফিস, তাহিরপুর, পুলিশ সুপারের কার্যালয়, সুনামগঞ্জ এবং জেলা প্রশাসকের কার্যালয় সুনামগঞ্জ এর স্থানীয় সরকার শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে এবং ঐ দিন বেলা ৩.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

৪. যে তারিখ দরপত্র ক্রয় করা হবে তৎপরবর্তী দরপত্র দাখিলের তারিখে তা দাখিল করতে হবে। অন্যথায় উক্ত দরপত্র অকার্যকর ও বাতিল বলে গন্য হবে।

৫. দাখিলকৃত ইজারা মূল্য কাঙ্খিত সরকারি ইজারা মূল্যের চেয়ে বেশী হতে হবে।

৬. একটি ফরমে কেবলমাত্র একটি বাজারের জন্য দরপত্র দাখিল করা যাবে। যে হাট বাজারের জন্য দরপত্র দাখিল করা হবে তার নাম খামের উপর স্পষ্ট অক্ষরে লিখতে হবে। যে বাজারের নামে দরপত্র ক্রয় করা হবে শুধুমাত্র সে বাজারের নামে দরপত্র দাখিল করতে হবে।

৭. একটি বাজারের জন্য দাখিলকৃত একাধিক দরপত্রে প্রদর্শিত মূল্য সমান হলে কর্তৃপক্ষ লটারীর মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

৮. দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে অনুমোদনের ৭ (সাত) দিনের মধ্যে দরপত্রদাতা অবশিষ্ট সমুদয় টাকা পরিশোধ করবেন। অন্যথায় তার দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং দরপত্রের সাথে প্রদেয় ব্যাংক ড্রাফট এর অর্থ বাজেয়াপ্ত করা হবে।

৯. অনুমোদিত দরদাতাকে প্রস্তাবিত মূল্যের উপর সরকার কর্তৃক আরোপিত ১০% অর্থ আয়কর ও ১৫% অর্থ ভ্যাট সহ অন্যান্য করাদি (দরপত্রে উল্লিখিত দরের অতিরিক্ত) প্রদান করতে হবে নতুবা ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০. ইজারাদার কোন ক্রমেই ইজারাপ্রাপ্ত হাট বাজার অন্যের নিকট সাবলীজ (উপপত্তন) দিতে পারবেন না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিনামার কোন শর্ত লংঘন করা হয় তবে ইজারা বাতিলসহ তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১. দরপত্র দাখিলের পর তা গৃহীত হলে এবং সম্পূর্ণ টাকা পরিশোধের পর যথাযথ ভাবে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিসিয়াল ষ্টাম্পে চুক্তিপত্র সম্পাদনের পর দখল প্রদান করা হবে। ইজারাদারকে নিজ দায়িত্বে ও নিজ ব্যয়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। ইজারাদারের গাফিলতির কারণে দখল প্রদানে বিলম্ব হলে সেজন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১২. বিভিন্ন দ্রব্যের উপর কালেক্টর কর্তৃক সর্বশেষ অনুমোদিত টোল আদায়ের হার যা বাজারের বিভিন্ন গুরুত্বপূর্ণ ও দর্শনীয় স্থানে জনসাধারণের অবগতির জন্য ইজারাদার কর্তৃক টানিয়ে রাখতে হবে এবং নির্ধারিত হারে টোল আদায় করতে হবে।

১৩. ইজারা গ্রহীতাকে হাট বাজারের বাস্তব অবস্থা ও ইজারার শর্তাবলী সম্পর্কে অবহিত হয়ে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাখিলের পর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৪. অসম্পূর্ণ/অস্পষ্ট/ত্রুটিপূর্ণ/কাটাকাটি ও ফ্লুইড ব্যবহৃত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৫. কোন হাট বাজারের উপর বিজ্ঞ আদালত/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ থাকলে ঐ হাটের উপর এ বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

১৬. সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

মো: আবুল হাসেম
উপজেলা নির্বাহী অফিসার
তাহিরপুর, সুনামগঞ্জ।
unotahirpur@gmail.com

স্মারক নং-০৫.৪৬.৯০৯২.০০০.০৮.০১৪.২৪.১৮(১০০) তারিখ ঃ ০৯ জানুয়ারি ২০২৫

অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে-

০১. বিভাগীয় কশিনার, সিলেট বিভাগ, সিলেট।
০২. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৩. পুলিশ সুপার, সুনামগঞ্জ।
০৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৫. অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসটি), সুনামগঞ্জ।
০৬. উপজেলা নির্বাহী অফিসার, ........................................................ (সকল), সুনামগঞ্জ।
০৭. সহকারী কমিশনার (ভূমি), তাহিরপুর, সুনামগঞ্জ।
০৮. উপজেলা ...................................কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৯. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১০. চেয়ারম্যান.......................................... (সকল) ইউপি, তাহিরপুর, সুনামগঞ্জ।
১১. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি., তাহিরপুর শাখা, সুনামগঞ্জ।
১২. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, তাহিরপুর সদর/ ডিহিভাটি ইউনিয়ন ভূমি অফিস, তাহিরপুর, সুনামগঞ্জ। তাঁর অধিক্ষেত্র হাট বাজারসমূহে ঢোল সহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৩. সম্পাদক, দৈনিক ......................................... । বিজ্ঞপ্তিটি ০১ (এক) দিন (৪" x ১০" আকারে) তাঁর পত্রিকায় ভিতরের পাতায় ছাপিয়ে ০৫ (পাঁচ) কপি পত্রিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৪. জনাব ..............................,.......সাবেক ইজারাদার............................বাজার, উপজেলা-তাহিরপুর, সুনামগঞ্জ।
১৫. সহকারী প্রোগ্রামার, তাহিরপুর, সুনামগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি জরুরীভিত্তিতে উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৬. নোটিশ বোর্ড, অত্রাফিস।

মো: আবুল হাসেম
উপজেলা নির্বাহী অফিসার
তাহিরপুর, সুনামগঞ্জ।